

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
( নার্সিং শাখা )

নং-৪৫.১৫৮.০৭.০০.০০.০৫২.২০১৩- ২৪৪

তারিখ ০৪ - ১২ - ১৪২১ বাং  
১৮ - ০৩ - ২০১৫ খ্রিঃ


বিষয়ঃ সেবা পরিদপ্তর এবং এর আওতাধীন সকল নার্সিং কর্মকর্তা/কর্মচারীর Personal Data প্রণয়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, CIDA-র অর্থায়নে সেবা পরিদপ্তর এবং আওতাধীন সকল প্রতিষ্ঠানে কর্মরত সকল নার্সিং কর্মকর্তা/কর্মচারীর Personal Data Sheet তৈরির নিমিত্ত ব্যক্তিগত তথ্যাদি সংগ্রহ করা অতীব জরুরি। এ বিষয়ে সেবা পরিদপ্তরে কর্মরত কর্মকর্তা, CIDA এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে নিয়ে ইতোপূর্বে সভাও করা হয়েছে। সেবা পরিদপ্তরে কর্মরত নার্সিং কর্মকর্তা/কর্মচারীদের পদায়ন, সিলেকশন গ্রেড প্রদান, প্রশিক্ষণ দান এবং অন্যান্য বিভিন্ন জরুরি প্রয়োজনে প্রত্যেক নার্সিং কর্মকর্তা/কর্মচারীর Data Sheet সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনা করা আবশ্যিক। এ বিষয়ে মৌখিক/টেলিফোনে বারংবার নির্দেশনা প্রদান করা হয়েছে, কিন্তু অদ্যাবধি আশানুরূপ ফল পাওয়া যায়নি। স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন নিশ্চিত করতে প্রত্যেক নার্সিং কর্মকর্তা/কর্মচারীর Personal Data Sheet (PDS) সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা সময়ের দাবি।

এমতাবস্থায়, প্রয়োজনে সেবা পরিদপ্তরের দায়িত্ব প্রাপ্ত উপ-পরিচালক (প্রশাসন)কে আহবায়ক করে ৫/৭ সদস্যের একটি টিম গঠন করে সারা দেশের নার্সিং কর্মকর্তাদের নির্ধারিত ফরমে Personal Data সংগ্রহ করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আগামী ১৫ দিনের মধ্যে যে সব নার্সিং কর্মকর্তা/কর্মচারী Personal Data নির্ধারিত ফরমে সরবরাহ করতে ব্যর্থ হবে তাদেরকে আদেশ/নির্দেশ অমান্য করার জন্য শাস্তিমূলক বদলীসহ প্রয়োজনে তাদের বিরুদ্ধে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ বিষয়ে পরিচালক, সেবা পরিদপ্তর এর ব্যক্তিগত উদ্যোগ এবং গঠিত টিম এর উদ্যোগ এবং প্রচেষ্টায় যাতে কোন গাফিলতি বা অনীহা না থাকে সে বিষয়টিও নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতিব জরুরি।

  
( মোঃ সুফর রহমান )  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫৭৭৯

পরিচালক  
সেবা পরিদপ্তর  
১৪-১৫ মতিঝিল বা/এ  
ইম্পাহানী ভবন, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। ডাঃ লুবানা আহমেদ, ক্যানাডিয়ান ফিল্ড ম্যানেজার, এইচ আর এস প্রজেক্ট, বাংলাদেশ, বাড়ী নং-৩৬ (ফ্লাট -ই-১), রোড নং-১৮, ব্লক-জে, বনানী, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)